গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
জাতীয় রাজস্ব বোর্ড
কর প্রশাসন-৪ শাখা
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা
www.nbr.gov.bd

সিস্টেমস্ ম্যানেজার (বার্তা) জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা
ডাইরী নং........
তারিখ ২৮/০৯/২৬

স্মারক নম্বর-০৮.০১.০০০০.০০০.০২২.১২.০০১.২৫

তারিখ:- ১২ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
২৭ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

## প্রজ্ঞাপন

জাতীয় রাজস্ব বোর্ডের অধীন কর বিভাগ (১০ম গ্রেড হইতে ২০তম গ্রেড পর্যন্ত কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২৫ এর উদ্দেশ্য পূরণকল্পে কর বিভাগের 'অতিরিক্ত সহকারী কর কমিশনার ও কর পরিদর্শক' পদে পদোন্নতির জন্য বিভাগীয় পরীক্ষা অনুষ্ঠানের নিমিত্ত নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হইল-

**১। শিরোনাম।**—(১) এই নীতিমালা **'বিভাগীয় পদোন্নতি পরীক্ষা (কর পরিদর্শক) নীতিমালা, ২০২৬'** নামে অভিহিত হইবে;

(২) এই নীতিমালা অবিলম্বে কার্যকর হইবে।

**২। সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই নীতিমালায়-

(ক) 'বোর্ড' বলিতে জাতীয় রাজস্ব বোর্ড বুঝাইবে;

(খ) 'একাডেমি' বলিতে বিসিএস (কর) একাডেমি, ঢাকা বুঝাইবে;

(গ) 'পরীক্ষা' বলিতে কর বিভাগ (১০ম গ্রেড হইতে ২০তম গ্রেড পর্যন্ত) কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২৫ এর তফসিল-১ এর ক্রমিক ১ ও ক্রমিক ৫ এ বর্ণিত পদের বিপরীতে কলাম-৫ এ উল্লিখিত বিভাগীয় পরীক্ষা বুঝাইবে;

(ঘ) 'পরীক্ষার্থী' বলিতে পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য নন-গেজেটেড ফিডার পদধারী উপযুক্ত কর্মচারীকে বুঝাইবে;

(ঙ) 'নিয়োগ বিধিমালা' বলিতে কর বিভাগ (১০ম গ্রেড হইতে ২০তম গ্রেড পর্যন্ত) কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২৫ বুঝাইবে।

**৩। নীতির প্রাধান্য।**—আপাতত বলবৎ অন্য কোন নীতিমালা বা সার্কুলার বা অফিস আদেশ ইত্যাদিতে যাহা কিছুই থাকুক না কেন, এই নীতিমালা প্রাধান্য পাইবে।

**৪। পরীক্ষা গ্রহণ।**—(১) বোর্ডের নির্দেশক্রমে একাডেমি পরীক্ষা গ্রহণ করিবে;

(২) একাডেমি এই নীতিমালার অনুচ্ছেদ-৫ (ক) এর শর্তানুযায়ী প্রার্থীর আবেদনপত্র যাচাই বাছাই শেষে যোগ্য প্রার্থীদের তালিকা প্রস্তুত করিবে;

(৩) একাডেমি পরীক্ষার্থীর সংখ্যা বিবেচনা করিয়া পরীক্ষার কেন্দ্র বা স্থান নির্ধারণ করিবে;

(৪) পরীক্ষা গ্রহণের অন্ততঃ ১৫ দিন পূর্বে কেন্দ্র, পরীক্ষার সময় ইত্যাদি সম্পর্কে একাডেমি পরীক্ষার্থীদের অবহিত করিবে।

**৫। পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা।**—(১) নিয়োগ বিধিমালার তফসিল-১ এর ক্রমিক ৫ এর কলাম ৫ এ বর্ণিত নন-গেজেটেড কর্মচারীগণ পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য বলিয়া বিবেচিত হইবেন। তবে শর্ত থাকে যে, পরীক্ষার্থীর কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রী থাকিতে হইবে;

(২) পরীক্ষার্থীকে ফিডার পদে চাকরিতে স্থায়ী হইতে হইবে এবং পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহণের জন্য পরীক্ষার্থীর চাকরিকাল ফিডার পদে ন্যূনতম ০৩ (তিন) বৎসর হইতে হইবে। তবে, তৃতীয় শ্রেণিভুক্ত এক পদ হইতে অন্য পদে পদোন্নতিপ্রাপ্ত কর্মচারীদের ক্ষেত্রে পূর্ব পদ ফিডার পদ হইলে পূর্ব পদের চাকরিকালকে বিবেচনায় নিয়ে ন্যূনতম চাকরিকাল গণনা করিতে হইবে;

(৩) কোন পরীক্ষার্থী ইচ্ছা করিলে একই সংগে ৪ টি বিষয়ের মধ্যে এক বা একাধিক বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবেন।

**৬। দরখাস্ত আহবান।**—(১) পরীক্ষার্থীগণ নির্ধারিত ফরমে ২ (দুই) কপি আবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে বোর্ডে প্রেরণ করিবেন;

(২) বোর্ড প্রাপ্ত আবেদনের ভিত্তিতে পরীক্ষার্থীদের তালিকা প্রস্তুত করিয়া প্রত্যেক পরীক্ষার্থীর ১ (এক) কপি আবেদন ফরম ও ১ (এক) কপি ছবি একাডেমিতে প্রেরণ করিবে;

(৩) নির্ধারিত তারিখের মধ্যে বোর্ডে আবেদন ফরম না পৌঁছাইলে আবেদন গ্রহণযোগ্য হইবে না।

**৭। পরীক্ষার বিষয়সমূহ।**—(১) নিম্নলিখিত ০৪ (চার) টি বিষয়ে পরীক্ষা অনুষ্ঠিত হইবে:-

(১) আইন প্রথম পত্র

(২) আইন দ্বিতীয় পত্র

(৩) বহিঃ রক্ষণ ও হিসাব এবং

(৪) অফিস প্রণালী;

(২) ইতঃপূর্বে যেসব প্রার্থী ০৪ টি বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করিয়া এক বা একাধিক বিষয়ে অকৃতকার্য হইয়াছেন তাহারা নতুন সিলেবাস অনুযায়ী অকৃতকার্য বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করিবেন;

(৩) বোর্ড প্রত্যেক বিষয়ের সিলেবাস প্রণয়ন করিবে;

(৪) প্রত্যেক বিষয়ের উপর ১০০ (একশত) নম্বরের পরীক্ষা অনুষ্ঠিত হইবে। অর্থাৎ ৪ টি বিষয়ে মোট ৪০০ (চারশত) নম্বরের পরীক্ষা অনুষ্ঠিত হইবে;

(৫) প্রত্যেক বিষয়ে পাস নম্বর হইবে উক্ত বিষয়ের মোট নম্বরের ৪০% নম্বর। কৃতকার্য হওয়ার জন্য প্রত্যেক বিষয়ে পৃথকভাবে পাস নম্বর অর্জন করিতে হইবে;

(৬) কোন পরীক্ষার্থী কোন বিষয়ে পাস নম্বর প্রাপ্ত হইলে পুনরায় তাহাকে উক্ত বিষয়ে পরীক্ষা দিতে হইবে না;

(৭) কোন প্রার্থী এক বা একাধিকবার পরীক্ষায় অংশগ্রহণ করিয়া অকৃতকার্য হইলে এবং তাহার বয়স ৫৫ বছর উত্তীর্ণ হইলে তিনি আর উক্ত পরীক্ষাসমূহে অংশগ্রহণের সুযোগ পাইবেন না।

৮। **রহিতকরণ ও হেফাজত।**—এই নীতিমালা জারি হইবার সাথে সাথে বিভাগীয় পরীক্ষা সংক্রান্ত পূর্বে জারিকৃত নীতিমালা/সার্কুলার /অফিস আদেশ বাতিল বলিয়া গণ্য হইবে। তবে উক্ত নীতিমালা/সার্কুলার/অফিস আদেশমূলে ইতঃপূর্বে গৃহীত বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীগণ এই নীতিমালার আওতায় গৃহীত বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

স্বাক্ষরিত, ২৭/০৯/২০২৬
(আহসান হাবিব)
ভারপ্রাপ্ত চেয়ারম্যান

স্মারক নম্বর-০৮.০১.০০০০.০০০.০২২.১২.০০১.২৫. ৭২৮ (৭)

তারিখ:- ১২ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
২৭ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ-

১. সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা/কর নীতি /কর আপীল ও অব্যাহতি/কর জরীপ ও পরিদর্শন/লিগ্যাল এন্ড এনফোর্সমেন্ট, কর/অডিট, ইন্টেলিজেন্স এন্ড ইনভেস্টিগেশন, কর/তথ্য ব্যবস্থাপনা ও সেবা/ইন্টারন্যাশনাল ট্যাক্সেস), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩. মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা/ কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা/বিসিএস কর একাডেমি, ঢাকা।
৪. কর কমিশনার, কর অঞ্চল- ১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০/১১/১২/১৩/১৪/১৫/১৬/১৭/১৮/১৯/২০/২১/২২/২৩/২৪/২৫, ঢাকা।
৫. কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪/৫/৬, চট্টগ্রাম।
৬. কর কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট/কেন্দ্রীয় কর জরিপ অঞ্চল/আয়কর গোয়েন্দা ও তদন্ত ইউনিট/ই-ট্যাক্স ম্যানেজমেন্ট ইউনিট/উৎসে কর ব্যবস্থাপনা ইউনিট/আন্তর্জাতিক কর ইউনিট, ঢাকা।
৭. কর কমিশনার, কর অঞ্চল-রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/গাজীপুর/ময়মনসিংহ/ নারায়ণগঞ্জ/বগুড়া/কুমিল্লা/যশোর/ফরিদপুর/কুষ্টিয়া/কক্সবাজার/নোয়াখালী/দিনাজপুর/নরসিংদী/পাবনা।
৮. কর কমিশনার (আপীল), কর আপীল অঞ্চল-১/২/৩/৪/৫/৬, ঢাকা/খুলনা/চট্টগ্রাম/চট্টগ্রাম-০২/রাজশাহী/রংপুর।
৯. সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
১০. প্রথম সচিব, কর প্রশাসন/কর পরিবীক্ষণ ও প্রশিক্ষণ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১১. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

২৭/০৯/২০২৬
(ওয়াকিল আহমদ)
প্রথম সচিব (কর প্রশাসন)